

মুগ্ধাত্মক

গলাচিপায় ব্যবহারিক পরীক্ষায় টাকা আদায়

প্রকাশ : ২০ মে ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংক্রণ

 গলাচিপা প্রতিনিধি

গলাচিপায় এইচএসসির কৃষিশিক্ষা ব্যবহারিক পরীক্ষায় ব্যাপক অনিয়মের অভিযোগ উঠেছে। গলাচিপা মহিলা ডিগ্রি কলেজ কেন্দ্রে শনিবার এ অনিয়মের অভিযোগ পাওয়া গেছে। নাম প্রকাশ না করার শর্তে এক পরীক্ষার্থী জানায়, কৃষিশিক্ষা ১ম ও ২য় পত্রে ব্যবহারিক পরীক্ষার এক্সটার্নাল ও ইন্টারনাল পরীক্ষককে ম্যানেজ করে সর্বোচ্চ নম্বর পাইয়ে দেয়ার কথা বলে প্রতি পরীক্ষার্থীর কাছ থেকে ৭০০ থেকে এক হাজার টাকা উত্তোলন করা হয়। পরীক্ষা চলাকালে দেখা যায় শিক্ষার্থীর ব্যবহারিক খাতা পুরনো। কোনোটি ২০১৬ সালের, কোনোটি ২০১৭ সালে খাতা। অধিকাংশ খাতাই কাটাছেঢ়া ও ঘসামাজা। অনেক খাতার ওপর প্রতিষ্ঠানের নাম, শিক্ষার্থীদের রোল, রেজিস্ট্রেশন নম্বর লেখা নেই। আবার ব্যবহারিক খাতায় কৃষিশিক্ষার শিক্ষক স্বাক্ষর না করে অফিস সহকারী স্বাক্ষর করেছেন। এ বিষয়ে কৃষিশিক্ষার প্রতাষ্ঠক সৌমিত্র রঞ্জন সরকারের কাছে বিষয়টি জানতে চাইলে তিনি সাংবাদিকদের সঙ্গে অসৌজন্যমূলক আচারণ করে বলেন, এগুলো সাংবাদিকদের ব্যাপার না।

তারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।